

নিউ ইয়র্ক সিটি ও স্টেটের প্রধান তামাক আইনসমূহের বিবরণ

বয়সের প্রমাণ



- নিশ্চিত করুন যে সেই গ্রাহকরা তামাকজাত দ্রব্য, ই-সিগারেট বা ভ্যাপিং পণ্য বা অ-তামাকজাত ধূমপান পণ্য যেমন ভেষজ সিগারেট, তামাকবিহীন শিশা, পাইপ বা রোলিং পেপার চান তাদের বয়স কমপক্ষে 21 বছর। কোনো ক্রেতার বয়স যদি 30 বছরের কম বলে মনে হয়, তাহলে আপনার উচিত বয়সের গ্রহণযোগ্য প্রমাণ দেখতে চাওয়া।

নিবন্ধন ও লাইসেন্স করানো



- যে কোনো তামাকজাত পণ্য, ই-সিগারেট বা ভেষজ সিগারেট বিক্রির জন্য, আপনার প্রয়োজন নিউ ইয়র্ক স্টেট (NYS) শুল্ক ও অর্থনীতি বিভাগ (Department of Taxation and Finance) থেকে একটি বৈধ নিবন্ধন এবং নিউ ইয়র্ক সিটি (NYC) ভোক্তা ও কর্মচারী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) থেকে তামাক খুচরা বিক্রেতা এবং ইলেকট্রনিক সিগারেট খুচরা ডিলার লাইসেন্স। বর্তমানে NYC তে নতুন লাইসেন্সসমূহ উপলব্ধ নয়।
- NYS এ নিবন্ধন সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন tax.ny.gov/bus/vpt। NYC লাইসেন্সসমূহ সম্পর্কে তথ্যের জন্য, ভিজিট করুন nyc.gov/dca।

বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন



- বয়সের প্রমাণ সম্পর্কিত বিজ্ঞপ্তি, শুল্ক স্ট্যাম্প বিজ্ঞপ্তি ও ভ্যাপার পণ্য সম্পর্কিত বিজ্ঞপ্তি (যদি আপনি ই-সিগারেট বিক্রি করেন) এমন জায়গায় লাগান যেখানে ক্রেতার সহজেই দেখতে পায়। বয়সের প্রমাণ ও শুল্ক স্ট্যাম্প বিজ্ঞপ্তিগুলো এই কিটে অন্তর্ভুক্ত রয়েছে। ভ্যাপার পণ্য বিজ্ঞপ্তিটি খুঁজে পেতে, ny.gov ভিজিট করুন ও "vaping poster" (ভ্যাপিং পোস্টার) লিখে সার্চ করুন।
- যদি আপনার দোকানটি একটি স্কুলের 500 ফুটের মধ্যে হয়, তাহলে আপনি দোকানের সামনে এবং বাইরের দরজা এবং জানালায় তামাক এবং ভ্যাপার দ্রব্য, ই-সিগারেট এবং প্যারাফারনালিয়া সম্পর্কিত কোনো বিজ্ঞাপন পোস্ট করতে পারবেন না।

পণ্যসমূহ ও প্যাকেজিং



- তামাক খুচরা বিক্রেতার শুমাত্র সেই তামাকজাত দ্রব্যগুলো বিক্রি করতে পারবেন যা স্বাদহীন বা তামাক-, মেন্ডল-, পুদিনা- বা উইন্টারগ্রিন-ফ্লেভারযুক্ত। অন্য কোনো ফ্লেভার বিক্রি করা যাবে না।
- ই-সিগারেটের খুচরা ডিলার লাইসেন্স সহ দোকানগুলি ই-সিগারেট বা ই-তরল (ই-সিগারেটের সাথে ব্যবহৃত তরল, তাতে নিকোটিন থাকুক বা না থাকুক) বিক্রি করতে পারে যা

তামাক-গন্ধযুক্ত বা স্বাদহীন। অন্য কোনো ফ্লেভার বিক্রি করা যাবে না। এটি ডিসপোজেবল, রিফিলযোগ্য এবং ট্যাক্স-ভিত্তিক পণ্য বা আনুষ্ঠানিকসহ সমস্ত ধরণের ই-সিগারেট এবং ভ্যাপিং পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য।

- শুমাত্র ন্যূনতম প্রয়োজনীয় প্যাকেজের আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রস্তুতকারকের প্যাকেজিংয়ে তামাকজাত পণ্য বিক্রি করুন। একক সিগারেট বা একক ছোট সিগার ("লুজিস") বিক্রি করবেন না। বিভিন্ন তামাকজাত পণ্যের জন্য প্রয়োজনীয় প্যাকেজের আকার সম্পর্কে একটি বিস্তারিত চার্ট দেখতে nyc.gov ভিজিট করুন ও "tobacco laws" (তামাক আইন) লিখে সার্চ করুন।
- খুচরা বিক্রেতার শুমাত্র একটি প্রস্তুতকারক বা লাইসেন্সপ্রাপ্ত পাইকারি বিক্রেতার কাছ থেকে সিগারেট এবং অন্যান্য তামাকজাত পণ্য ক্রয় করতে পারে।

মূল্যনির্ধারণ ও শুল্ক



- শুমাত্র অন্যান্য প্রয়োজনীয় সম্পূরক বিক্রয় কর সহ ন্যূনতম প্রয়োজনীয় মূল্যে তামাকজাত দ্রব্য বিক্রয় করুন। NYS-এ ভ্যাপার পণ্যগুলিতে 20% সম্পূরক বিক্রয় কর (সেই সাথে বিক্রয় কর) প্রয়োগ করুন। বিভিন্ন তামাকজাত পণ্যের ন্যূনতম মূল্য সম্পর্কে একটি বিস্তারিত চার্ট দেখতে nyc.gov ভিজিট করুন ও "tobacco laws" (তামাক আইন) লিখে সার্চ করুন।
- তামাক বা ভ্যাপিং পণ্যের জন্য কুপন বা ডিসকাউন্ট দেবেন না বা গ্রহণ করবেন না।
- বৈধ NYC/NYS শুল্ক স্ট্যাম্প নেই এমন কোনো প্যাকেট সিগারেট বিক্রি করবেন না, বিক্রি বা পরিবহনের প্রস্তাব দেবেন না।

বাড়তি বাধ্যবাধকতাসমূহ

- খুচরা বিক্রেতার NYC-তে ব্যক্তিদের কাছে তামাক বা ই-সিগারেট পণ্য সরবরাহ করতে পারবেন না।
- সমস্ত তামাকজাত দ্রব্য, শিশা, ভেষজ সিগারেট, এবং ই-সিগারেট এবং ভ্যাপিং পণ্যগুলি একটি কাউন্টারের পিছনে বা একটি লক করা ক্যাবিনেটে রাখুন (একটি এলাকা যা শুমাত্র কর্মচারীদের জন্য অ্যাক্সেসযোগ্য)।
- 18 বছরের কম বয়সী কর্মচারীরা তামাকজাত দ্রব্য বিক্রি, বিতরণ বা পরিচালনা করতে পারবেন না এমন কোনো ব্যক্তির সরাসরি তত্ত্বাবধান ছাড়া যার বয়স কমপক্ষে 18 বছর এবং যিনি দোকানে উপস্থিত।
- দ্রষ্টব্য: ক্যানাবিসের খুচরা বিক্রয়ের জন্য স্টেটের লাইসেন্স করার প্রক্রিয়া এখনও চালু করা হয়নি। এটি চালু হওয়ার আগ পর্যন্ত, ক্যানাবিস বিক্রি করা অবৈধ বলে গণ্য হতে থাকবে। সর্বশেষ খবরের জন্য, cannabis.ny.gov/licensing ভিজিট করুন।



NYC ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স এর গোয়েন্দা এবং ডেপুটি শেরিফরা তামাক ট্যাক্স প্রদান করা হয়েছে কিনা নিশ্চিত করতে নিয়মিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন। ছদ্মপরিচয়ে DCWP অফিসার এবং পরিদর্শকরা ব্যবসা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন এটি নিশ্চিত করতে যে তারা NYC এবং NYS তামাক আইন অনুসরণ করছে। পরিদর্শনের সময় ব্যবহৃত চেকলিস্টসমূহ দেখতে, nyc.gov/dca ভিজিট করুন ও "tobacco laws" (তামাক আইন) লিখে সার্চ করুন।